গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস(পিবিজিএসআই) স্কিম, এসইডিপি
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
E-mail: pbgsedp2021@gmail.com

স্মারক নং: পিবিজিএসআই/এসইডিপি/পুরস্কার (অংশ-১)/৪৮/২০২৪/ ১৯৮

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৪ মে ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (পিবিজিএসআই) স্কিমের আওতায় ২০২৪-২৫ অর্থবছরে "উপজেলা শ্রেষ্ঠ শিক্ষার্থী পুরস্কার" এবং "উচ্চ মাধ্যমিক সমাপনী পুরস্কার" -এর অর্থ প্রদানের লক্ষ্যে উপজেলা/থানাভিত্তিক নির্বাচিত শিক্ষার্থীদের অগ্রণী ব্যাংক পিএলসি-এর একাউন্ট খোলা এবং একাউন্ট নম্বরসহ তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি) এর আওতাভুক্ত এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (পিবিজিএসআই)" স্কিমের আওতায় ২০২৩-২৪ অর্থবছরে ২০২২ ও ২০২৩ সালের মাধ্যমিক/সমমান পর্যায়ের এবং উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্য থেকে "উপজেলা শ্রেষ্ঠ শিক্ষার্থী পুরস্কার" হিসেবে ১০,০০০/- (দশ হাজার টাকা) এবং "উচ্চ মাধ্যমিক সমাপনী পুরস্কার" হিসেবে ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা) করে শিক্ষার্থীর অগ্রণী ব্যাংক একাউন্টে প্রেরণ করা হয়েছে। একইভাবে ২০২৪-২৫ অর্থবছরে নির্বাচিত শিক্ষার্থীদের উক্ত পুরস্কারের অর্থ শিক্ষার্থীর ব্যাংক একাউন্টে প্রেরণের জন্য স্কিমের সাথে অগ্রণী ব্যাংক পিএলসি-এর চুক্তি সম্পাদিত হয়েছে।

০২। ২০২৪ সালে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্য থেকে সর্বোচ্চ নম্বরেরভিত্তিতে শিক্ষার্থী তালিকা ১১টি শিক্ষা বোর্ড থেকে সংগ্রহ করা হয়েছে। বোর্ড থেকে প্রাপ্ত তালিকা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার ই-মেইলে প্রেরণ করা হলো। উক্ত তালিকা হতে স্ব-স্ব উপজেলা/থানার তালিকা ডাউনলোড করে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তালিকাভুক্ত শিক্ষার্থীর সাথে যোগাযোগপূর্বক ২৫/০৫/২০২৪ খ্রি. তারিখের মধ্যে নিজ উপজেলাস্থ অথবা নিকটবর্তী অগ্রণী ব্যাংকের যে কোনো শাখায় ব্যাংক একাউন্ট খুলতে হবে। একইসাথে সংশ্লিষ্ট ব্যাংক কর্মকর্তার মাধ্যমে অগ্রণী ব্যাংকের পিবিজিএসআই স্কিমের জন্য নির্দিষ্ট সফটওয়ারে শিক্ষার্থীর তথ্য আপলোড করার ব্যবস্থা করতে হবে।

০৩। নির্বাচিত শিক্ষার্থী তালিকার কপি অগ্রণী ব্যাংক পিএলসি কে সরবরাহ করা হয়েছে এবং অগ্রণী ব্যাংকের স্থানীয় শাখার সাথে সমন্বয় করে শিক্ষার্থীর একাউন্ট খোলার কাজটি সম্পন্ন করতে হবে। উল্লেখ্য শিক্ষার্থীর নামে ইতোপূর্বে অগ্রণী ব্যাংকে কোনও একাউন্ট থাকলে সে একাউন্ট নম্বর গ্রহণযোগ্য হবে, নতুন কোনো একাউন্ট খুলতে হবে না। তবে বিদ্যমান একাউন্ট নম্বরটি সংশ্লিষ্ট ব্যাংক শাখায় যোগাযোগ করে অগ্রণী ব্যাংকের পিবিজিএসআই স্কিমের জন্য নির্দিষ্ট সফটওয়ারে আপডেট করতে হবে। ব্যাংক একাউন্ট খোলার সময় অথবা বিদ্যমান একাউন্ট আপডেট করার জন্য শিক্ষার্থীকে পরীক্ষার (যে পরীক্ষার জন্য নির্বাচিত) প্রবেশপত্র/নম্বরপত্র ব্যাংকে সরবরাহ করতে হবে।

০৪। ২০২২ ও ২০২৩ সালের মাধ্যমিক/সমমান পর্যায়ের এবং উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ের পরীক্ষায় উত্তীর্ণ পুরস্কারের জন্য নির্বাচিত যে সকল শিক্ষার্থী নির্দিষ্ট সময়ে ব্যাংক একাউন্ট খুলতে অথবা ব্যাংক একাউন্ট খোলার পরে পিবিজিএসআই স্কিমের নির্দিষ্ট সফটওয়ারে আপডেট করার ব্যর্থতার কারণে পুরস্কারের অর্থ প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে, তাদের অগ্রণী ব্যাংকে একাউন্ট খোলা অথবা বিদ্যমান ব্যাংক একাউন্টের তথ্য অগ্রণী ব্যাংকের পিবিজিএসআই স্কিমের সফটওয়ারে আপডেট করতে হবে।

০৫। বর্ণিত অবস্থায় তালিকাভুক্ত সকল শিক্ষার্থীর অগ্রণী ব্যাংকে একাউন্ট খোলা সম্পন্ন করে ব্যাংক একাউন্ট নম্বর, মোবাইল নম্বর ও অন্যান্য তথ্য ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের স্বাক্ষরসহ হার্ডকপি ২৯/০৫/২০২৫ খ্রি. তারিখের মধ্যে স্কিম দপ্তরে (রুম নং-৭০৮, শিক্ষা ভবন, ২য় ব্লক, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০) এবং সফটকপি ই-মেইল-(pbgsiaward@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি:
১। ২০২৪ সালের সকল শিক্ষা বোর্ড (১১টি শিক্ষা বোর্ড) প্রদত্ত উপজেলা/শিক্ষা থানাভিত্তিক নির্বাচিত শিক্ষার্থী তালিকার সফট কপি।
২। ২০২২ ও ২০২৩ সালের ৪টি মহানগরীর (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা) শিক্ষা থানার দাখিল ও আলিম শিক্ষার্থী এবং ভোকেশনাল ও বিএমটি -এর নির্বাচিত শিক্ষার্থী তালিকার সফট কপি (বকেয়া)।
৩। ময়মনসিংহ বোর্ডের অধীন ২০২৩ সালের এইচএসসি -এর নির্বাচিত শিক্ষার্থী তালিকার সফট কপি (বকেয়া)।
৪।২০২২ ও ২০২৩ সালের পুরস্কারের অর্থ না পাওয়া নির্বাচিত শিক্ষার্থী তালিকা (বকেয়া)।

১৪.০৫.২০২৫

(প্রফেসর মোঃ তোফাজ্জেল হোসেন)
স্কিম পরিচালক
ফোন: ০২-২২৬৬৩৭৩০০

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার
উপজেলা/থানা: .....................
জেলা: ...........................

স্মারক নং: পিবিজিএসআই/এসইডিপি/পুরস্কার (অংশ-১)/৪৮/২০২৪/ ৬৯৮

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ / ১৪ মে ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতারভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বোর্ড, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৩। অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) ও প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও ন্যাশনাল প্রোগ্রাম কো-অর্ডিনেটর, এসইডিপি, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ,ঢাকা;
৬। ব্যবস্থাপনা পরিচালক, অগ্রণী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, দিলকুশা, ঢাকা;
৭। উপ-মহাব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক পিএলসি, জাতীয় প্রেসক্লাব শাখা, ঢাকা;
৮। জেলা শিক্ষা অফিসার, সকল;
৯। উপজেলা নির্বাহী অফিসার, সকল;
১০। প্রতিষ্ঠান প্রধান, ..................................।
১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাউশি অধিদপ্তর,বাংলাদেশ; (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১২। সংরক্ষণ নথি।

14.05.2025

(প্রফেসর মোঃ তোফাজ্জেল হোসেন)
স্কিম পরিচালক
ফোন: ০২-২২৬৬৩৭৩০০